

৯২ জনকে চিকিৎসায় আর্থিক সহায়তা  
সমস্যাপীড়িত জনগণের কাছে 'মুখ্যমন্ত্রী  
সমীপেষু' বিশ্বাস ও ভরসার কেন্দ্র

'মুখ্যমন্ত্রী সমীপেষু' কর্মসূচিতে এখন পর্যন্ত ৯২ জনকে চিকিৎসায় আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। এরমধ্যে মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিল থেকে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে ৫২ জনকে। সমস্যাপীড়িত জনগণের কাছে এখন 'মুখ্যমন্ত্রী সমীপেষু' কর্মসূচি বিশ্বাস ও ভরসার কেন্দ্র হয়ে উঠছে। জনগণের জন্যই বর্তমান সরকার- এই ভাবনাকে স্বার্থক রূপ দিতে ২০২৩ সালের ১২ এপ্রিল মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচির সূচনা হয়েছিল। এই কর্মসূচিতে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা তাঁর সরকারি বাসভবনে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত মানুষের সঙ্গে সাক্ষাৎ করেন। কর্মসূচিতে আগত প্রত্যেকের সমস্যা, অভাব ও অভিযোগ মুখ্যমন্ত্রী ডাঃ সাহা শুনেন এবং সমস্যা সমাধানে মুখ্যমন্ত্রীর সচিব সহ সংশ্লিষ্ট দপ্তরের সচিবদের দ্রুত ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন। সাধারণ মানুষের মৌলিক সমস্যা নিরসনে মুখ্যমন্ত্রীর এই প্রয়াস এখনও অব্যাহত রয়েছে।

মুখ্যমন্ত্রীর সচিবালয় থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচির এখন পর্যন্ত ২০ তম পর্ব অনুষ্ঠিত হয়েছে। তাতে মুখ্যমন্ত্রীর সঙ্গে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত মোট ৪৪৯ জন আবেদনকারী সাক্ষাৎ করেন। এদের মধ্যে সিংহভাগই এসেছেন চিকিৎসা সংক্রান্ত সহায়তার আর্জি নিয়ে। চিকিৎসা সংক্রান্ত সমস্যার সুরাহা করে দেওয়ার পাশাপাশি জমি সংক্রান্ত বিবাদ, ভর্তি সংক্রান্ত সমস্যা সহ আইনি বিষয় সমাধানের জন্যও মুখ্যমন্ত্রী সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন। মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে এখন পর্যন্ত ৯২ জনকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। এরমধ্যে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে ৫২ জন চিকিৎসার জন্য ৪ লক্ষ ৯৭ হাজার টাকা আর্থিক সহায়তা পেয়েছেন। অন্যদের স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন প্রকল্পে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। আর্থিক সহায়তার পাশাপাশি রোগীদের জিবি হাসপাতালে ও ক্যান্সার হাসপাতালে চিকিৎসা করানোর ব্যবস্থা করা হয়েছে। তাছাড়াও সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরে জুভেনাইল জাস্টিস ফান্ডের মাধ্যমে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে ৩৮টি আবেদনপত্র এবং স্বাস্থ্য, রাজস্ব, আরক্ষা, শিক্ষা, সংখ্যালঘু কল্যাণ দপ্তর সহ বিভিন্ন দপ্তরে ১৭২টি আবেদনপত্র পাঠানো হয়েছে।